



নতুন ধরনের উন্নতি

আমাদের সময়

আমাদের সময়, ২৭-০৩-২০২৪, পৃ. ০২

ড. ফরাসউদ্দিনের বইয়ের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ●

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের 'বাংলাদেশের অগ্রযাত্রায় আগামীর করণীয় : জাতীয় সপ্তবার্ষিক কর্মপরিকল্পনার একটি প্রস্তাবিত রূপরেখা' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়েছে। দ্য ইউনিভার্সিটি প্রেস লিমিটেড (ইউপিএল) প্রকাশিত এ বই নিয়ে গত সোমবার রাজধানীতে ইউপিএলের প্রধান কার্যালয়ে উৎসব হয়।

প্রকাশনা উৎসবের আলোচনায় মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, 'মুদ্রা পাচার, ঋণখেলাপি ও মধ্যস্থত্বেগীরা বাংলাদেশের মূল সমস্যা। এদের কারণে চূয়াত্তরের (১৯৭৪) দুর্ভিক্ষ হয়েছিল। এখনো তাদের কারণে প্রতিবছর বাংলাদেশের ৭০০ কোটি মার্কিন ডলার বিদেশে পাচার হয়। সরকারের আমলা থাকার সুবাদে ভেতরের অনেক খবর জানা ছিল। বঙ্গবন্ধুর সঙ্গে ঘনিষ্ঠভাবে ও আত্মভাজন হিসেবে কাজ করেছি। পড়ালেখা ও শিক্ষকতার সঙ্গে যুক্ত থাকার সুবাদে মনে করি বিষয়গুলো নিয়ে জনপরিসরে আলোচনা হওয়া দরকার।'

সিপিডির ডিস্টিংগুইশড ফেলো অধ্যাপক রওনক জাহান বলেন, 'ফরাসউদ্দিনের বইটি নীতিনির্ধারণীদের জন্য লেখা হলেও পাঠকেরাও উপকৃত হবেন। তার বইয়ে উল্লিখিত ঋণখেলাপির বিষয়ে আশির দশকে থেকে কথা হচ্ছে, ব্যাংকিং কমিশনের বিষয়ে বলেছেন লেখক। বড় বছর ধরে আমরা অনেক কথা বলছি, কিন্তু সেসব নিয়ে সরকার কিছু করছে না।'

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ও সাবেক উপাচার্য আবদুল বায়েস বলেন, 'এই বইয়ে ১৪টি বিষয় নিয়ে লেখক আলোচনা করেছেন। এখন সর্বত্র আলোচনার বিষয় মূল্যস্ফীতি। এর নিয়ন্ত্রণে সরকারি সংস্থার কার্যকরী ভূমিকা রাখার পরামর্শ লেখক দিয়েছেন। বড় বড় করদাতার কাছ থেকে কর আদায় করা গেলে দেশের আর্থিক অবস্থার উন্নতি অনেক বাড়বে বলে উল্লেখ করেছেন।'

একান্তর টেলিভিশনের ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল হক বাবু বলেন, 'বইটি 'সুশাসনের নির্দেশিকা। দেশে এখন অসুস্থ মুক্তবাজার বিরাজ করছে। দেশের সব সেক্টরের যা কিছু অর্জন হচ্ছে, তা ফুটো দিয়ে বের হয়ে যাচ্ছে। এই লিকেজ বন্ধ না করা গেলে উন্নয়ন ধরে রাখা যাবে না।'

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইউপিএলের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দীন।



ইউপিএল কার্যালয়ে গত সোমবার ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের 'বাংলাদেশের অগ্রযাত্রায় আগামীর করণীয় : জাতীয় সপ্তবার্ষিক কর্মপরিকল্পনার একটি প্রস্তাবিত রূপরেখা' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসবে লেখকের সঙ্গে অতিথিরা ● আমাদের সময়